

বুয়েট ক্যাম্পাসে তালা ঝুলিয়ে ছাত্রলীগের বিক্ষোভ

বিশ্ববিদ্যালয়-রিপোর্টের

টার্ম ফাইনাল পরীক্ষা পেছানোর দাবিতে চলমান আন্দোলনের ঘটনায় ১১ নেতাকর্মীর বিরুদ্ধে সড়ক নোটিশ জারির প্রতিবাদ জানিয়ে বুয়েট ক্যাম্পাসে তালা ঝুলিয়ে বিক্ষোভ করেছে ছাত্রলীগ। সোমবার দুপুর দেড়টার দিকে বিশ্ববিদ্যালয়ের মূল ভিটটি কটকেই এই তালা ঝুলানো হয়। আন্দোলনরত ছাত্রলীগ কর্মীরা অবিলম্বে ঘটনার সঠিক তদন্ত ও সড়ক নোটিশ প্রত্যাহারের দাবি জানান।

তারি জানান, পরীক্ষা পেছানোর দাবিতে দুই থেকে তিনশ শিকারী আন্দোলন করলেও উদ্দেশ্যমূলকভাবে শুধু ছাত্রলীগের ১১ নেতাকর্মীকে সড়ক নোটিশ দেয়া হয়েছে। অভিযাতে এ ধরনের কাজ করলে তাদের বহিষ্কারের হুমকিও দেয়া হয়েছে। যা কোনোভাবেই কাম্য নয়। তাই অবিলম্বে নেতাকর্মীদের বিরুদ্ধে প্রশাসনের শাস্তিমূলক সিদ্ধান্ত প্রত্যাহার করে সঠিকভাবে পরীক্ষা দেয়ার সুযোগ দিতে হবে। বুয়েট শাখা ছাত্রলীগের সভাপতি আমিনুল ইসলাম পলাশ বলেন, যতক্ষণ পর্যন্ত না নেতাকর্মীদের শাস্তির সিদ্ধান্ত প্রত্যাহার করা হবে ততক্ষণ আন্দোলন চলবে। শাস্তি লাঘব করা না হলে লাগাতার আন্দোলনেরও হুমকি দেন তিনি। এ রিপোর্ট দেখা পর্যন্ত ছাত্রলীগের আন্দোলন চলছিল।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের ডিএসডব্লিউ অধ্যাপক বেঙ্গোয়ার হোসেন বলেন, ছাত্রলীগের সঙ্গে সমঝোতার চেষ্টা চলছে। যত দ্রুত সম্ভব ক্যাম্পাস অবরোধমুক্ত করা হবে। তিনি বলেন, তাদের গুরুতর কোনো শাস্তি দেয়া হয়নি বরং সড়ক করা হয়েছে মাত্র। যে কোনোভাবেই হোক আগামী ৯ তারিখে টার্ম ফাইনাল পরীক্ষা দেয়া হবে বলে জানান তিনি।